**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৬৪/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ১৯ ফেব্রুয়ারি ২০১৮, ৭ ফাল্গুন ১৪২৪**


১। 'স্বাধীনতা ও যথেচ্ছাচার' এক নয় : প্রেস কাউন্সিল পদক বিতরণ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রতি রাষ্ট্রপতি

২। একদিন বাংলাদেশের চা বিশ্ব দখল করবে : প্রদর্শনী উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন

৪। ঢাকা-লন্ডন রুটে কার্গো পরিবহণে যুক্তরাজ্যের নিষেধাজ্ঞা প্রত্যাহার

৫। অংশগ্রহণমূলক নির্বাচনে অপরাধীর অংশগ্রহণের কোনো সুযোগ নেই : সংসদে তথ্যমন্ত্রী

৬। কারাগারে সাজা খাটছেন ১৫ হাজার ৯১৯ জন কয়েদি : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

৭। রাজধানীতে মৌ মেলা উদ্বোধন করলেন কৃষিমন্ত্রী

৮। কিশোরকিশোরীদের স্বাস্থ্যসেবা পণ্য মেলা উদ্বোধন করেছেন মোহাম্মদ নাসিম

৯। বাংলাদেশের অগ্রগতির প্রশংসায় বিশ্বব্যাংক প্রতিনিধিদল : পানিসম্পদ মন্ত্রীর সঙ্গে বৈঠক

১০। রোহিঙ্গা সমস্যা মোকাবিলায় সমর্থন অব্যাহত রাখার আশ্বাস যুক্তরাষ্ট্রের

১১। ৮৭ ইউনিয়নে ভোট ২৯ মার্চ : ইসি'র তফসিল ঘোষণা

১২। সাবেক এমপি মোহাম্মদ ইউসুফের ইন্তেকাল : প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ


চলমান পাতা-২

১। **‘স্বাধীনতা ও যথেচ্ছাচার’ এক নয় : প্রেস কাউন্সিল পদক বিতরণ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রতি রাষ্ট্রপতি**

গণমাধ্যমকে তথ্যভিত্তিক সমালোচনা করার আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ‘স্বাধীনতা ও যথেচ্ছাচার’ যে এক নয়, তা সাংবাদিকদের স্মরণ করিয়ে দিয়েছেন। গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সাংবাদিকদের তথ্যভিত্তিক সমালোচনা করার আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি বলেন, ‘সাদাকে সাদা আর কালোকে কালো বলার সৎসাহসই পারে একজন সাংবাদিককে পেশাগত উৎকর্ষের শীর্ষে নিয়ে যেতে। আপনারা সমালোচনা করবেন, তবে তা যেন তথ্যভিত্তিক হয়। কোনোভাবেই যেন একপেশে না হয়’। অনুষ্ঠানে ছয়টি ক্যাটাগরিতে পাঁচজন সাংবাদিক ও একটি প্রতিষ্ঠানকে পদক দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)। **সংবাদ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **একদিন বাংলাদেশের চা বিশ্ব দখল করবে : প্রদর্শনী উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

চায়ের বহুমুখী ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, ‘এক দিন বাংলাদেশের চা গুণগত মানে উন্নত হয়ে সারা বিশ্বে নিজের স্থান করে নেবে। আমরা সে চেষ্টাই চালিয়ে যাচ্ছি।’ গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে ‘বাংলাদেশ চা প্রদর্শনী-২০১৮’র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ‘বিভিন্ন ফ্লেভারযুক্ত চা ছাড়াও চা থেকে বিভিন্ন প্রসাধন সামগ্রী, যথা-টি সোপ, টি শ্যাম্পু, টি টুথপেস্ট এবং খাদ্যসামগ্রী টি কোলা, আচার প্রভৃতি উৎপাদনের সুযোগ রয়েছে। এ সুযোগ আমাদের কাজে লাগাতে হবে।’ সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৩। **আজ প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন**

ইতালি সফরশেষে দেশে ফেরার পর আজ (১৯ ফেব্রুয়ারি সোমবার) সংবাদ সম্মেলনে আসছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ বিকেল ৪টায় গণভবনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৯ ফেব্রুয়ারি সোমবার) সকালে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩৮তম জাতীয় সমাবেশে যোগ দিতে গাজীপুর যাচ্ছেন। তিনি গাজীপুরের সফিপুরে আনসার ভিডিপি একাডেমির এ সমাবেশের প্রধান অতিথি হিসেবে কুচকাওয়াজে সালাম গ্রহণ করবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

৪। **ঢাকা-লন্ডন রুটে কার্গো পরিবহণে যুক্তরাজ্যের নিষেধাজ্ঞা প্রত্যাহার**

ঢাকা-লন্ডন রুটে আকাশপথে সরাসরি কার্গো পরিবহণে নিষেধাজ্ঞা দুই বছরের মাথায় তুলে নিয়েছে ব্রিটিশ সরকার। গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এক অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক নিষেধাজ্ঞা তুলে নেওয়ার কথা জানান। তিনি নিষেধাজ্ঞা প্রত্যাহারসংক্রান্ত চিঠিও বেসামরিক বিমান পরিবহণমন্ত্রী একেএম শাহজাহান কামালের কাছে হস্তান্তর করেন। এখন ঢাকা থেকে যে কোনো পণ্য যে কোনো বিমানে করে লন্ডনে পাঠানো যাবে। অ্যালিসন ব্লেক জানান, গতকাল রোববার থেকেই নিষেধাজ্ঞা প্রত্যাহার কার্যকর হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। **অংশগ্রহণমূলক নির্বাচনে অপরাধীর অংশগ্রহণের কোনো সুযোগ নেই : সংসদে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, অংশগ্রহণমূলক নির্বাচনে অপরাধীর অংশগ্রহণের কোনো সুযোগ নেই। নির্বাচনের দরজা অপরাধী ছাড়া সবার জন্য খোলা আছে। নির্বাচন দরকষাকষির বিষয় নয়। কারো সাজাকে শর্ত করে নির্বাচনে অংশগ্রহণের বিষয়ে দরকষাকষি হতে পারে না। গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**৬। কারাগারে সাজা খাটছেন ১৫ হাজার ৯১৯ জন কয়েদি : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশের কারাগারসমূহে বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত **১৫ হাজার** ৯১৯ জন কয়েদি রয়েছেন। গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ঢাকা মেট্রোপলিটন এলাকায় ছিনতাই প্রতিরোধ ও জনসাধারণের নিরবচ্ছিন্ন চলাচল নিশ্চিত করতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। মন্ত্রী বলেন, ছিনতাইকারীদের ধরতে ফাঁদপাতা পদ্ধতি অবলম্বন করা হচ্ছে। তিনি বলেন, ঢাকা মেট্রোপলিটন এলাকার গুরুত্বপূর্ণ স্থান, বাসস্ট্যান্ড ও যাত্রীসাধারণের চলাচলের স্থানে পুলিশি টহল ব্যবস্থা বৃদ্ধি করা হয়েছে। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৭। রাজধানীতে মৌ মেলা উদ্বোধন করলেন কৃষিমন্ত্রী**

'ফসলের মাঠে মৌ পালন, অর্থ পুষ্টি বাড়বে ফলন' প্রতিপাদ্য নিয়ে শুরু হয়েছে জাতীয় মৌ মেলা-২০১৮। কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর ফার্মগেটের গিয়াস উদ্দীন মিল্কী অডিটরিয়াম চত্বরে শুরু হয়েছে দু'দিনব্যাপী এ মেলা। মেলা উপলক্ষে 'বাংলাদেশে মৌ চাষ সম্প্রসারণ, সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী। কৃষিমন্ত্রী সেমিনারে দেশীয় প্রজাতির সঙ্গে বিভিন্ন মৌমাছির ক্রস করে কী ধরনের প্রজাতি আসতে পারে তা নিয়ে গবেষণার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

**৮। কিশোরকিশোরীদের স্বাস্থ্যসেবা পণ্য মেলা উদ্বোধন করেছেন মোহাম্মদ নাসিম**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম সমন্বিত উদ্যোগে কিশোরকিশোরীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে এগিয়ে আসার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, দেশের মোট জনসংখ্যার বড় একটি অংশ কিশোরকিশোরী। তাদের স্বাস্থ্যসেবা নিশ্চিত হলে দেশে দক্ষ জনবলের সংখ্যা বৃদ্ধি পাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের স্বাস্থ্য সেক্টরের সার্বিক উন্নয়ন সাধিত হয়েছে, বিশেষকরে মা ও শিশু মৃত্যুহার অনেক হ্রাস পেয়েছে। এক্ষেত্রে বেসরকারি উদ্যোক্তাদেরও এগিয়ে আসা উচিত। গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে পরিবার পরিকল্পনা অধিদফতর আয়োজিত কিশোর-স্বাস্থ্যসেবা কার্যক্রমে ব্যবহৃত আইসি সামগ্রী প্রদর্শনী মেলা উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। **সূত্র : ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৯। বাংলাদেশের অগ্রগতির প্রশংসায় বিশ্বব্যাংক প্রতিনিধিদল : পানিসম্পদ মন্ত্রীর সঙ্গে বৈঠক**

বাংলাদেশের অগ্রগতির প্রশংসা করেছেন বিশ্বব্যাংক কর্মকর্তারা। তারা বলেছেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে এবং উন্নয়নের এ ধারায় বিশ্বব্যাংক সম্পৃক্ত থাকবে। গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে সফররত বিশ্বব্যাংক প্রতিনিধিদলের সদস্যরা পানিসম্পদ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু'র সঙ্গে বৈঠক করেন। এ সময় তারা টেকসই উন্নয়নের জন্য পরিবেশ ও পানিসম্পদ ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিশ্বব্যাংকের সিনিয়র ডিরেক্টর কেরিন কেম্পার। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

**১০। রোহিঙ্গা সমস্যা মোকাবিলায় সমর্থন অব্যাহত রাখার আশ্বাস যুক্তরাষ্ট্রের**

মিয়ানমার থেকে লাখ লাখ রোহিঙ্গা পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নেওয়ার পর সৃষ্ট সংকট মোকাবিলায় বাংলাদেশকে রাজনৈতিক ও মানবিক সমর্থন অব্যাহত রাখার আশ্বাস দিয়েছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন ডিসিতে গত **১৭** ফেব্রুয়ারি শনিবার জাতীয় নিরাপত্তা পরিষদে প্রেসিডেন্টের উপসহকারী এবং দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক ঊর্ধ্বতন পরিচালক লিজা কার্টিসের সঙ্গে পররাষ্ট্রসচিব মো. শহিদুল হকের এক বৈঠকে এ আশ্বাস প্রদান করা হয়। বৈঠকে কার্টিস জানান, প্রেসিডেন্ট ট্রাম্প মিয়ানমার থেকে বাস্তুচ্যুত দশ লাখের বেশি রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ায় বাংলাদেশের প্রশংসা করেছেন। বৈঠকে তাঁরা দ্বিপক্ষীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক নিরাপত্তার বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

১১। **৮৭ ইউনিয়নে ভোট ২৯ মার্চ : ইসি'র তফসিল ঘোষণা**

স্থানীয় সরকারের বিভিন্ন স্তরের শতাধিক পদে নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত কমিশন সভায় এসব নির্বাচনের সময়সূচি নির্ধারণ করা হয়। ইসির সিদ্ধান্ত অনুযায়ী, ২৯ মার্চ ৩৪টি ইউনিয়ন পরিষদে (ইউপি) সাধারণ, ৫৩টি ইউপিতে উপনির্বাচন, চারটি পৌরসভায় সাধারণ, একটি পৌরসভায় মেয়র পদে ও চারটিতে সাধারণ কাউন্সিলর পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

১২। **সাবেক এমপি মোহাম্মদ ইউসুফের ইন্তেকাল : প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ**

চট্টগ্রামের বর্ষীয়ান রাজনীতিক, মুক্তিযোদ্ধা, রাঙ্গুনিয়ার সাবেক সাংসদ মোহাম্মদ ইউসুফ গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) সকালে ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি-----রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর। মস্তিষ্কে রক্তক্ষরণে অচেতন অবস্থায় দীর্ঘদিন তিনি শয্যাশায়ী ছিলেন। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন।

প্রধানমন্ত্রী গতকাল (১৮ ফেব্রুয়ারি রোববার) এক শোকবার্তায় মহান মুক্তিযুদ্ধে এবং রাজনীতিতে মোহাম্মদ ইউসুফের অবদানের কথা শ্রদ্ধাভরে স্মরণ করে বলেন, তাঁর মৃত্যুতে জাতি একজন বীর মুক্তিযোদ্ধা এবং বর্ষীয়ান রাজনীতিবিদকে হারিয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** চট্টগ্রামে পুলিশকে লক্ষ্য করে গুলিবর্ষণের ঘটনায় তিনজনকে গ্রেফতার করার কথা উল্লেখ করে এ ধরনের ঘটনা যাতে আর না ঘটে সে ব্যাপারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তৎপর হওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** স্বল্পোন্নত বা এলডিসিভুক্ত পঁয়তাল্লিশ দেশের মধ্যে মাত্র পাঁচটি দেশ গত বছর পাঁচ শতাংশের ওপর প্রবৃদ্ধি অর্জন করেছে যার একটি বাংলাদেশ উল্লেখ করে প্রবৃদ্ধির হার আরও বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** বিদেশি প্রতিষ্ঠান ও বাংলাদেশে অবস্থিত বিভিন্ন দূতাবাস ছাড়া সাইনবোর্ড, ব্যানার ও ফেস্টুনে বাংলা ভাষার ব্যবহার বাড়ানোর আহ্বান।

ঘ. **যুগান্তর :** দীর্ঘ প্রায় দুই বছর পর বাংলাদেশ থেকে সরাসরি কার্গো পরিবহণে যুক্তরাজ্য নিষেধাজ্ঞা তুলে নেওয়ায় স্বস্তি প্রকাশ করে অন্যদেরও কার্গো নিষেধাজ্ঞা তুলে নেওয়ার আহ্বান।

ঙ. **প্রথম আলো, অবজারভার :** যুক্তরাষ্ট্রের পরিবেশ সংরক্ষণবিষয়ক সংস্থা ইপিএ'র প্রতিবেদনে বিশ্বের দূষিত বায়ুর দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান দ্বিতীয় হওয়ার কথা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বায়ু দূষণ রোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের সাধারণ ভোক্তা বিশেষকরে মধ্যবিত্ত শ্রেণির দুর্ভোগ বিবেচনায় নিয়ে গ্যাসের মূল্য ক্রয়সীমার মধ্যে রাখাসহ বাংলাদেশে কর্মরত বিদেশি সংস্থার জন্য গ্যাসের মূল্য বাড়ানোর আহ্বান।

ছ. **ডেইলি সান :** দেশে ৩০টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভিসির পদ খালি রেখে প্রাতিষ্ঠানিক কার্যক্রম চালানোর পরিপ্রেক্ষিতে অতিদ্রুত এসব প্রতিষ্ঠানের প্রধান পদে নিয়োগ দেওয়ার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** আইনশৃঙ্খলা বাহিনী কর্তৃক মাদক ব্যবসায়ীদের তালিকা করে তা জনসমক্ষে প্রকাশ করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

ঝ. **নিউ এজ, নিউ নেশন :** পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর আইনি

পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

=৫=

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একুশের চেতনাই আমাদের জাতিগত মহাজাগৃতির একমাত্র উৎস।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'অর্থনৈতিক প্রবৃদ্ধি ও স্থিতিশীলতা অর্জনে কৃষি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, চালের পরিবর্তে কৃষকের নিকট থেকে যৌক্তিক মূল্যে সরকারিভাবে ধান কেনা ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে মূল্য পরিশোধের ব্যবস্থা নিতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা